



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
www.fisheries.satkhirasadar.satkhira.gov.bd

পত্র নং- ৩৩.০২.৮৭৮২.৫০১.৪৯.০০১.২২.৫৭

২৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ০৯ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমভুক্ত ই-গর্ভনেপ ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১ মোতাবেক উদ্ভাবনী উদ্যোগ (Innovation) এর তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমভুক্ত ই-গর্ভনেপ ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১ মোতাবেক সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-এর উদ্ভাবনী উদ্যোগ (Innovation) এর তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রেরণ করা হলো।

সংস্থার নাম	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
উদ্ভাবনের শিরোনাম	সেবা সহজীকরণের লক্ষ্যে ডিজিটাল মৎস্য পরামর্শ সেবা কর্নার স্থাপন
কিভাবে যাত্রা শুরু/পটভূমি	সাতক্ষীরা সদর উপজেলা মৎস্য ও চিংড়ি চাষের জন্য খুবই সমৃদ্ধ একটি উপজেলা। এখানকার চাষীরা আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষ, রোগ প্রতিরোধ, বাজারজাতকরণসহ মৎস্য ও চিংড়ি চাষ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে মৎস্যচাষীরা উপজেলা মৎস্য দপ্তরে পরামর্শ নিতে আসেন। তখন স্বল্প সময়ে ও অত্যন্ত সহজভাবে তাদের সামনে বাস্তব ভিডিও চিত্র তুলে ধরে পরামর্শ দেওয়ার সুবিধার্থে স্মার্ট টেলিভিশন ও মাছ চাষ সম্পর্কিত ডিজিটাল কন্টেন্টের মাধ্যমে একটি ডিজিটাল মৎস্য সেবা কর্নার স্থাপনের ধারণা করা হয়।
এ উদ্যোগে কী কী কল্যাণ বয়ে এনেছে	ডিজিটাল মৎস্য সেবা কর্নার স্থাপনের মাধ্যমে চাষীরা মৎস্য চাষ, রোগ প্রতিরোধ ও অন্যান্য মৎস্যচাষ সংক্রান্ত সকল সমস্যার সমাধান ও পরামর্শ সরাসরি ভিডিও চিত্রের মাধ্যমে দেখে সহজে বুঝতে ও মনে রাখতে পারছে এবং নিজেরা মৎস্যচাষে প্রয়োগ করতে পারছে। মৎস্যচাষের বিভিন্ন ধাপ ও মৎস্যচাষের রোগ প্রতিরোধ সংক্রান্ত বিষয়গুলি ভিডিও দেখে শেখার কারণে চাষীরা বিশেষ করে বয়স্ক চাষীরা পূর্বের তুলনায় অধিক স্মরণ রাখতে সক্ষম হচ্ছে এবং মাঠে প্রয়োগ করতে পারছে। ফলশ্রুতিতে মৎস্য উৎপাদন বৃদ্ধির পাশাপাশি চাষীরাও লাভবান হচ্ছে।
অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি	উদ্যোগটির মাধ্যমে সাধারণ জনগণ বিশেষ করে মৎস্য ও চিংড়ি চাষীরা অনেক উপকৃত হচ্ছে। তারা তাদের প্রশ্নের বাস্তব সমাধান পেয়ে আগের থেকে বেশি সন্তুষ্ট হচ্ছে। এখন চাষীরা উপজেলা মৎস্য দপ্তর থেকে সরাসরি দেখার মাধ্যমে জানতে ও শিখতে পারছে। এতে করে তারা আধুনিক পদ্ধতিতে মাছ চাষে পারদর্শী হয়ে উঠছে ও উৎপাদন বৃদ্ধি পাওয়ায় অধিক লাভবান হচ্ছে। ফলে সর্বস্তরের জনগণ উদ্যোগটির প্রশংসা করছে।
টিসিভি	ডিজিটাল মৎস্য সেবা কর্নার স্থাপনের মাধ্যমে চাষীরা মাছ চাষ, মাছের রোগ প্রতিরোধ ও অন্যান্য সকল সমস্যার সমাধান ও পরামর্শ নিজের চোখে ভিডিও চিত্রের মাধ্যমে দেখে জানতে ও শিখতে পারছে। পুকুর প্রস্তুতি থেকে শুরু করে বাজারজাতকরণ পর্যন্ত সকল ধাপের প্রয়োজনীয় তথ্য ভিডিও চিত্রের মাধ্যমে চাষীদের সামনে তুলে ধরা হচ্ছে। এতে করে সেবা পেতে তাদের সময়, খরচ ও দূরত্ব আগের তুলনায় অনেক কমে আসছে।
উদ্ভাবন ও বাস্তবায়ন টীম	উদ্ভাবক- মোঃ শফিকুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; বাস্তবায়ন টীমের আহ্বায়ক- সাক্বির আহমেদ, সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা মৎস্য দপ্তর, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; বাস্তবায়ন টীমের সদস্য- মোঃ রবিউল ইসলাম, মেরিন ফিসারিজ কর্মকর্তা, উপজেলা মৎস্য দপ্তর, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; মোঃ লুৎফর রহমান, সহকারী মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য দপ্তর, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
গুপ ছবি সংযুক্ত	 

(মোঃ শফিকুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

জেলা মৎস্য কর্মকর্তা
সাতক্ষীরা